

শিক্ষা মন্ত্রণালয়ের বিভিন্ন প্রকল্পের অর্ধ-বার্ষিক পরিবীক্ষণ প্রতিবেদন প্রকাশ

## দেশের উন্নয়নের কাজে সকলকে যত্নবান হওয়া আহ্বান শিক্ষামন্ত্রীর

ঢাকা, ২৮ সেপ্টেম্বর

আজ ঢাকায় বিশ্বসাহিত্য কেন্দ্র মিলনায়তনে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মানিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন উইংয়ের উদ্যোগে সেমি এনুয়্যাল মনিটরিং রিপোর্ট (জানুয়ারি ২০১৭-জুন, ২০১৭) এর মোড়ক উন্মোচন করা হয়। মোড়ক উন্মোচন অনুষ্ঠানে প্রধান অতিথির হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর ড. এস এম ওয়াহিদুজ্জামান সভাপতিত্বে অনুষ্ঠানে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব, মো. সোহরাব হোসাইন, অতিরিক্ত সচিব মো. মহিউদ্দিন খান এবং বিশ্বব্যাংকের প্রতিনিধি টি. এম আসাদুজ্জামান বক্তব্য রাখেন। পরিবীক্ষণ প্রতিবেদনের সার-সংক্ষেপ উপস্থাপন করেন মানিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন উইংয়ের পরিচালক ড. মো. সেলিম মিয়া।

অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী বলেন, আজকে জানুয়ারি ২০১৭ থেকে জুন ২০১৭ সময়ের অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন প্রকাশ হলো। বাস্তবায়নের ক্ষেত্রে কোন ত্রুটি বা বাধা আছে কিনা তা জানার জন্য মধ্যবর্তী প্রতিবেদনটি খুবই গুরুত্বপূর্ণ। এই মূল্যায়ন থেকে বিভিন্ন প্রকল্পগুলো তাদের ত্রুটি-বিচ্যুতি সংশোধনপূর্বক প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার সুযোগ পাবে। তিনি আশা প্রকাশ করেন, ২০১৭-২০১৮ অর্থবছরে আমাদের লক্ষ্য শতভাগ বাস্তবায়নে এ মূল্যায়ন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। তিনি সঠিক সময়ে প্রকল্প বাস্তবায়নে তীক্ষ্ণ নজর রাখার নির্দেশ দেন প্রকল্প পরিচালকদের।

শিক্ষামন্ত্রী বলেন, আমরা অনেক কাজ করছি। কিন্তু কাজের ফলাফল কি সেটা গুরুত্বপূর্ণ। জাতীয় উন্নয়নের মূল শক্তি ভবিষ্যৎ প্রজন্ম আমরা তৈরি করছি। তাই দলীয় নয়, জাতীয় দৃষ্টিভঙ্গি নিয়ে আমাদের কাজ করতে হবে। তিনি সকলকে দেশের জন্য কাজ করতে যত্নবান হওয়ার আহ্বান জানান।

মোহাম্মদ আফরাজুর রহমান

সিনিয়র তথ্য অফিসার

শিক্ষা মন্ত্রণালয়

মোবাইল: ০১৯১১-০০৭৫৩৯